

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 30-10-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, তথ্য প্রযুক্তি ব্যবহার করে পশুপালকদের কাজের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি তাদের উৎপাদনশীলতা বৃদ্ধি করতে ভেটেরিনারি কলেজ গৱর্ন্স পূর্ণ ভূমিকা পালন করে আসছে।
- (২) কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেছেন, উত্তর-পূর্বাঞ্চলের জৈব-সম্পদ ভারতের অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ওজরাটে কেভাদিয়ার একতা নগরে এক হাজার ১৪০ কোটি টাকারও বেশি মূল্যের পরিকাঠামো ও উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করছেন।
- (৪) সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামীকাল যথাযথ মর্যাদায় রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন করা হবে।
- *****

College of Veterinary Sciences-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, তথ্য প্রযুক্তি ব্যবহার করে পশুপালকদের কাজের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি তাদের উৎপাদনশীলতা বৃদ্ধি করতে ভেটেরিনারি কলেজ গৱর্ন্স পূর্ণ ভূমিকা পালন করে আসছে। এই কলেজে যারা ফ্যাকাল্টি হিসাবে নিয়োজিত রয়েছেন তারা যাতে আরও কর্মসংস্থানের সুযোগ প্রদান করতে পারেন এবং পশু পালকদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তুলতে পারেন সেই লক্ষ্যে কাজ করে যেতে হবে। আজ আর কে নগরে ভেটেরিনারি কলেজের সপ্তদশ প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী

বলেন, গ্রামীণ অর্থনৈতির বিকাশে প্রাণীসম্পদের বিরাট ভূমিকা রয়েছে। বর্তমানে প্রাণী পালন শুধুমাত্র কোন পরিবারের জীবিকা নির্বাহের উপায় নয়, বরং এটি রাজ্যের আর্থসামাজিক মানোন্নয়নের একটি মাধ্যম। তিনি বলেন, রাজ্যকে দুধ, ডিম এবং মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে প্রাণীসম্পদ বিকাশ দম্পত্তি বিভিন্ন কর্মসূচি ক্রপায়ণ করেছে। রাজ্য সরকার প্রাণীজ প্রোটিনের উৎপাদন বৃদ্ধির উপর বিশেষ ওরুত্ব আরোপ করেছে। ইতিমধ্যেই রাজ্য মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। মুখ্যমন্ত্রী বলেন, চলতি অর্থবছরের বাজেটে ৫৫টি নতুন মিনি মোবাইল ভেটেরিনারি ইউনিট চালু করার প্রস্তাব গৃহীত হয় এবং এর জন্য ৪ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। বক্তব্য রাখেন প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস। উপস্থিতি ছিলেন প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক রাতন চক্রবর্তী, পশ্চিম প্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিত শীল প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী কলেজের শিক্ষা ভবনের বর্ধিত কাজ, কলেজের গবেষণাগারের আধুনিকীকরণ এবং স্বেচ্ছা রক্তদান শিবিরেরও উদ্বোধন করেন।

* * * * *

NE, Bio Potential :

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি এবং ভূ-বিজ্ঞান প্রতিমন্ত্রী এবং সিএসআইআর-এর সহ-সভাপতি ডঃ জিতেন্দ্র সিং আজ বলেছেন, উত্তরপূর্বাঞ্চলের জৈব-সম্পদ ভারতের অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। নতুন দিল্লিতে সিএসআইআর-এনইআই এসটি কর্তৃক অংশীদারদের নিয়ে আয়োজিত এক সচেতনতা সভায় একথা বলেন তিনি। শ্রী সিং উল্লেখ করেন যে বিজ্ঞান কেন্দ্রিক বিভিন্ন উদ্যোগ উত্তরপূর্বাঞ্চলে গ্রামীণ জীবিকা উন্নীত করতে এবং সুস্থায়ী অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে রূপান্তরমূলক ভূমিকা পালন করছে। তিনি ঔষধি, মুগাঙ্কি এবং ফুল চাষের মাধ্যমে কৃষক, উদ্যোক্তা এবং যুবসমাজের ক্ষমতায়নে CSIR-NEIST-এর প্রচেষ্টার প্রশংসা করেন।

সমৃদ্ধ জীববৈচিত্র্য এবং অনন্য কৃষি-জলবায়ুগত পরিস্থিতিতে সমৃদ্ধ উত্তরপূর্বাঞ্চল উচ্চমূল্যের উদ্ভিদ-ভিত্তিক শিল্পের কেন্দ্র হিসেবে আবির্ভূত হওয়ার অপার সম্ভাবনা রাখে বলে উল্লেখ করেন তিনি। তিনি বলেন, সরকার আধুনিক বৈজ্ঞানিক সরঞ্জাম

এবং প্রতিহ্যবাহী কৃষিকাজ পদ্ধতির সংহতকরণের মাধ্যমে এই অঞ্চলকে একটি "কৃষি-উদ্যোগ্তা কেন্দ্র" হিসেবে রূপান্তরিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

জন্মু ও কাশ্মীরে 'বেগুনি বিপ্লব'-এর সাফল্যের কথা উল্লেখ করে ডঃ জিতেন্দ্র সিং মিজোরাম এবং অন্যান্য উত্তর-পূর্ব রাজ্যের কৃষক ও উদ্যোগ্তাদের ল্যাভেন্ডার, সিট্রোনেলা, লেমনগ্রাস এবং প্যাচোলির মতো ফসল চাষের জন্য এই মডেলটি অনুকরণ করার আহ্বান জানান। ডঃ সিং আরও বলেন যে, সিএসআইআর-অ্যারোমা মিশন এবং সিএসআইআর-ফুলচাষ মিশনের আওতাধীন উদ্যোগগুলি কেবল কৃষি আয় বৃদ্ধি করে না বরং নারীর ক্ষমতায়ন, যুব সম্পৃক্ততা এবং গ্রামীণ শিল্পায়নকেও উৎসাহিত করে, যা সরকারের ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত গঠনের দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। অনুষ্ঠানে সভাপতিষ্ঠ করেন জোড়হাটের সিএসআইআর-এনইআই এসটি-এর পরিচালক ডঃ বীরেন্দ্র এম. তিওয়ারি।

উল্লেখ্য, CSIR-NEIST আগামীকাল, লেংপুইয়ের মামিত কৃষি বিজ্ঞান কেন্দ্রে সুগন্ধি ফুল ও ফসল চাষের উপর একটি প্রশিক্ষণ ও সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করেছে।

Bal Vibha Mukta Bharat :

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধীনস্থ চাইল্ড হেল্পলাইন গত ছয় মাসে খোয়াই জেলায় ২৫টি বাল্যবিবাহ বন্ধ করতে সক্ষম হয়েছে। চাইল্ড হেল্প লাইন এর মাধ্যমে প্রতিনিয়ত জেলার প্রত্যন্ত গ্রামগুলিতে বাল্য বিবাহের বিরুদ্ধে জনসচেতনতামূলক প্রচার চালানো হচ্ছে। চাইল্ড হেল্প লাইনের প্রটেকশন অফিসার সঙ্গীতা দেবনাথ আজ আকাশবাণীর জেলা সংবাদদাতা আশীর্ষ চক্ৰবৰ্তীকে এথবর জানিয়েছেন। তিনি বলেন, সমাজের স্বার সক্রিয় সহযোগীতায় বাল্য বিবাহ মোকাবেলা করা সম্ভব।

Byte-Sangeeta Debnath# # #

Promo Fast :

আগামী ১৫-১৬ই নভেম্বর পয়টিন দপ্তরের উদ্যোগে বিলোনিয়ার সৈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে ইউনিটি প্রমো ফেস্ট অনুষ্ঠিত হবে। এই উদ্দেশ্যে আজ বিলোনিয়া সার্কিট হাউসে পয়টিন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরাহিত্যে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় তিনি বলেন, রাজ্যের জাতি জনজাতি সকল অংশের মানুষের সাংস্কৃতিক প্রতিহের প্রসার ও পয়টিনের বিকাশের মাধ্যমে এক প্রক্রিয়ান্বন্ধ ও সমৃদ্ধ ত্রিপুরা গড়ে তোলার লক্ষ্যেই এই উদ্যোগে নেওয়া হয়েছে। দুই দিনের ফেস্টে থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান, ফুড স্টল, ফ্যাশন শো, বিভিন্ন ধরনের খেলাধুলা, সেলফি পয়েন্ট ও প্রদর্শনী মন্ডপ। সভায় উপস্থিত ছিলেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক প্রমোদ রিয়াং, স্বপ্না মজুমদার প্রমুখ।

* *

Update Akashvani :

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte# # # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * * * * * * * * * * * * * *

PM in Gujarat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ থেকে ওজরাটে তাঁর দু'দিনের সফর শুরু করেছেন। তিনি আজ কেভাদিয়ার একতা নগরে এক হাজার ১৪০ কোটি

টাকারও বেশি মূল্যের পরিকাঠামো ও উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করছেন। তিনি একতা নগরে এক অনুষ্ঠানে ২৫টি ই-বাসের যাত্রার সূচনা করেন।

প্রধানমন্ত্রী আগামীকাল সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকীতে জাতীয় একতা দিবস উদযাপনে অংশগ্রহণ করবেন। তিনি সেখানে বৈচিত্রের মধ্যে ত্রিক্য বিষয়ক বিভিন্ন বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন করবেন এবং একতা শপথ বাক্য পাঠ করবেন। অনুষ্ঠানে শৌর্য চক্র ও সাহসিকতা পুরস্কার প্রাপ্ত এবং অপারেশন সিঁজুরে অংশগ্রহণকারী বিএসএফ জওয়ানদের সম্মান জানানো হবে। আগামীকাল সর্দার বল্লভভাই প্যাটেলের স্মরণে ১৫০ টাকার মুদ্রা ও ডাক টিকিট প্রকাশ করা হবে।

* * * * *

Ekta Diwas :

আগামীকাল রাজ্যেও যথাযথ মর্যাদায় রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন করা হবে। জেলা প্রশাসন এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আগামীকাল সকাল ৭টায় স্বামী বিবেকানন্দ ময়দানে রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে শপথ গ্রহণ করা হবে। উপস্থিতি থাকবেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। সকাল সাড়ে ৭টায় স্বামী বিবেকানন্দ ময়দান থেকে রান ফর ইউনিটি শুরু হবে। যা উমাকান্ত একাডেমি ময়দানে গিয়ে শেষ হবে।

রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে আগামীকাল দুপুর আড়াইটায় রাজ্য পুলিশের মূল অনুষ্ঠান হবে এডিনগরে মনোরঞ্জন দেববর্মা মেমোরিয়াল স্মৃতি স্টেডিয়ামে। একতা দিবস উপলক্ষে পুলিশের বিভিন্ন ইউনিট কুচকাওয়াজে অংশ নেবেন।

* * * * *

EA spokesperson :

ভারতের বিদেশমন্ত্রক জানিয়েছে, আমেরিকার সঙ্গে বাণিজ্য চুক্তি চূড়ান্ত করার ব্যাপারে প্রয়াস অব্যাহত আছে। আজ বিদেশমন্ত্রকের মুখ্যপ্রাত্র রণধীর

জয়সওয়াল একথা জানিয়েছেন। উভয়পক্ষই এব্যাপারে আলোচনা চালিয়ে যাচ্ছে বলেও তিনি জানান। শক্তির উৎস সংক্রান্ত ব্যাপক প্রশ্নে ভারতের অবস্থান সবারই ভালোভাবে জানা আছে। একশো চল্লিশ কোটিরও বেশি দেশবাসীর স্বার্থে ভারত সবসময় নিরাপদ এবং সাম্রাজ্যকর জ্বালানি উৎসের সন্ধানে সক্রিয় বলেও জানান বিদেশমন্ত্রকের মুখ্যপত্র। আফগানিস্তানের সঙ্গে পাকিস্তানের বর্তমান সংঘাত প্রসঙ্গে ভারতের ভূমিকা নিয়ে তিনি বলেন, আফগানিস্তানের সার্বভৌমত্ব, আঞ্চলিক সংহতি এবং স্বাধীনতা অব্যাহত রাখার প্রশ্নে ভারত সম্পূর্ণ দায়বদ্ধ।

Freshers Welcome :

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয়ের ছাত্র সংসদের উদ্যোগে আজ থেকে নব বিদ্যার্থী বরন অনুষ্ঠান-২০২৫ শুরু হয়েছে। উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুল্কারণ নোয়াতিয়া। আজ প্রথমদিনে কলেজ প্রাঙ্গনে রক্তদান শিবির ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। স্বাস্থ্য শিবিরে পাঁচ শতাধিক রোগীকে বিনামূল্যে চিকিৎসা করা হয়। শিবিরে ৭০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিতি ছিলেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়িকা স্বপ্না মজুমদার, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক, মাই হেম ইন্ডিয়ার প্রতিষ্ঠাতা সুনীল দেওধর প্রমুখ।

Blood Donation :

আগরতলার বোধজং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আজ রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

CITU-Convention :

সি আই টি ইউ এবং ইলেকট্রিক্যাল এম্প্লাইজ ফেডারেশন অফ ইন্ডিয়ার উদ্যোগে আজ আগরতলা টাউন হলে এক গনকনভেনশন অনুষ্ঠিত হয়।

এই কনভেনশনে সি.আই.টি.ইউ ত্রিপুরা রাজ্য সভাপতি মানিক দে তাঁর ভাষণে অভিযোগ করেন রাজ্যে বিদ্যুৎ বেসরকারীকরণের লক্ষ্যে স্মার্ট মিটার বসানো হচ্ছে। তাছাড়া অযৌক্তিকভাবে রাজ্যে বিদ্যুতের মাশল বৃদ্ধির জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। তার প্রতিবাদেই আজ এই কনভেনশনের আয়োজন করা হয়েছে। বক্তব্য রাখেন ইলেক্ট্রিক্যাল এম্প্লায়িজ ফেডারেশন অব ইন্ডিয়ার সাধারণ সম্পাদক সুদীপ দত্ত, সাধারণ সম্পাদক শংকর প্রসাদ দত্ত, প্রাক্তন মন্ত্রী ভানু লাল সাহা প্রমুখ।

DYF Press Meet :

ডি.ওয়াই.এফ.আই প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আগামী পঞ্চাশ নভেম্বর থেকে আগরতলায় তিনিদিনের বই উৎসবের আয়োজন হবে। আজ মেলারমাঠে ছাত্র যুব ভবনে সাংবাদিক সম্মেলনে একথা জানান সংগঠনের রাজ্য সম্পাদক নবারুণ দেব। তিনি জানান, বই উৎসবের উদ্বোধন করবেন অধ্যাপিকা আলপনা সেনগুপ্ত।

Fit India Freedom Run :

গোটা দেশের সঙ্গে আজ ভারতীয় স্থলবন্দর কর্তৃপক্ষের, শ্রীমন্তপুর আন্তর্জাতিক সুসংহত স্থল বন্দরের উদ্যোগেও ষষ্ঠ "ফিট ইন্ডিয়া ফ্রিডম রান" অনুষ্ঠিত হয়। সকালে সোনামুড়ার এই স্থল বন্দরের সামনে থেকে দৌড় শুরু হয়। সবুজ পতাকা নেড়ে দৌড়ের সূচনা করেন শ্রীমন্তপুর ICP -র ইনচার্জ প্রদীপ সাহা। বি.এস.এফ ৮১ ও ১৪৫ নম্বর ব্যাটেলিয়নের জওয়ানরা, কাস্টমস, ICP, ইমিগ্রেশন কর্তৃপক্ষ, স্থল বন্দরের শ্রমিক ও আমদানি-রপ্তানিকারক ও স্থানীয় জনগণ এই কর্মসূচিতে অংশ গ্রহণ করেন।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *